



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ  
সহকারী প্রকৌশলী এর দপ্তর  
বড়াইগ্রাম জোন, নাটোর।

“কৃষিই সমৃদ্ধি”

ae\_soraigram\_natore@bmda.gov.bd

স্মারক নং : বিএমডিএ/স.প্র./ বড়াইগ্রাম/২০২৪-২৫/ ৫২০

তারিখ: ২৬/০৫/২০২৪

**অফিস আদেশ**

নির্বাহী প্রকৌশলী, বিএমডিএ, নাটোর রিজিয়ন, নাটোর মহোদয়ের সাথে সহকারী প্রকৌশলী, বিএমডিএ, বড়াইগ্রাম জোন দপ্তরের ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়েছে। মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক বার্ষিক কর্মসম্পাদন চুক্তির কার্যক্রমের অংশ হিসেবে অত্র দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদকরণ, সিদ্ধান্ত গ্রহণ, গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়িত হচ্ছে কিনা তা পর্যালোচনা করার লক্ষ্যে নিম্নবর্ণিতভাবে ‘সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি’ পুনর্গঠন করা হল।


সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি :

১. জনাব মোঃ আবুল বাসার, উপ-সহকারী প্রকৌশলী, অত্র দপ্তর ও আহ্বায়ক (ফোকাল পয়েন্ট কর্মকর্তা), সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।
২. জনাব মোঃ হাফিজ-উর রহমান, ভান্ডার রক্ষক, অত্র দপ্তর ও সদস্য, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।
৩. জনাব মোঃ আকাশ হোসেন, কম্পিউটার অপারেটর, অত্র দপ্তর ও সদস্য-সচিব (বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা), সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি।

কমিটির কার্যপরিধি নিম্নরূপ :

- ক) কমিটি সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনায় উল্লিখিত কার্যক্রম/সেবাসমূহ/সংশ্লিষ্ট অধিশাখা/শাখা হতে সিটিজেন চার্টার অনুযায়ী প্রদান করা হচ্ছে কিনা সে বিষয়ে ত্রৈমাসিক ভিত্তিতে পরিবীক্ষণ করবেন এবং এ সংক্রান্ত প্রতিবেদন প্রণয়নপূর্বক দাখিল করবেন;
- খ) কমিটি সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ ও বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত বাস্তবায়নের বিষয়টি মনিটর করবেন
- গ) সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২৪-২৫ এর সকল কার্যক্রমসমূহ লক্ষ্যমাত্রা অনুসারে বাস্তবায়ন কার্যক্রম মনিটরিং করবেন;
- ঘ) নিয়মিত সেবা প্রদান প্রতিশ্রুতি সেবা বস্ত্র হালনাগাদ কার্যক্রম মনিটরিং করবেন;
- ঙ) ত্রৈমাসিক ভিত্তিতে কমিটির সভা আয়োজন এবং কর্ম পরিকল্পনার সকল কার্যক্রমসমূহ লক্ষ্যমাত্রা অনুসারে বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন ও পর্যালোচনা করবেন;
- চ) উর্দ্ধতন কার্যালয়ে ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করবেন;
- ছ) অর্থ বছর শেষে নির্ধারিত তারিখের মধ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার স্ব-মূল্যায়িত প্রতিবেদন প্রমাণকসহ অফিস প্রধানের অনুমোদন গ্রহণ করে ১৫ জুলাই তারিখের মধ্যে উর্দ্ধতন কার্যালয়ে প্রেরণ করবেন।

এতদ্বারা এ আদেশ জারীর ফলে ইতোপূর্বে জারীকৃত অফিস আদেশটি বাতিল বলে গণ্য হবে।

  
18/06/25

(মোঃ তারিকুল ইসলাম)  
সহকারী প্রকৌশলী (অ:দা:)  
বিএমডিএ, বড়াইগ্রাম জোন, নাটোর।

**জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি :**

- ১। জনাব মোঃ আবুল বাসার, উপ-সহকারী প্রকৌশলী, অত্র দপ্তর।
- ২। জনাব মোঃ হাফিজ-উর রহমান, ভান্ডার রক্ষক, অত্র দপ্তর।
- ৩। জনাব মোঃ আকাশ হোসেন, কম্পিউটার অপারেটর, অত্র দপ্তর।
- ৪। অফিস কপি/ প্রধান নথি।

সদয় অবগতির জন্য অনুলিপি :

নির্বাহী প্রকৌশলী, বিএমডিএ, নাটোর রিজিয়ন, নাটোর।